

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩২০  
কৈলাসহর, ২৯ মে, ২০২৪

**লোকসভা নির্বাচন ২০২৪**  
**ভোট গণনা নিয়ে কৈলাসহর মহকুমায় সভা**

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের কৈলাসহর মহকুমায় ভোট গণনা নিয়ে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে গতকাল এক সভা অনুষ্ঠিত হয়। আগামী ৪ জুন কৈলাসহর মহকুমার ৫২-চন্ডীপুর ও ৫৩-কৈলাসহর বিধানসভা ক্ষেত্রের ভোটগণনা কৈলাসহরের রাধাকিশোর ইনস্টিটিউটে অনুষ্ঠিত হবে। কৈলাসহর মহকুমা শাসক কার্যালয়ে অনুষ্ঠিত এই সভায় মহকুমা শাসক তথা এআরও প্রদীপ সরকার অতিরিক্ত মহকুমা শাসক নবকুমার জমাতিয়া ও বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় মহকুমা শাসক ভোট গণনার বিভিন্ন নির্দেশিকা নিয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*